কমপিউটার জগৎ

THE MONTHLY COMPUTER JAGAT
Leading the IT movement in Bangladesh

প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের



উপদেষ্টা
ড. জামিলুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কায়কোবাদ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. যুগল কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা ডা: এম এম মোরতায়েজ আমিন

| | |
|---|---|
| সম্পাদক | গোলাপ মুনীর |
| সহযোগী সম্পাদক | মইন উদ্দীন মাহমুদ |
| সহকারী সম্পাদক | মোহাম্মদ আবদুল হক |
| কারিগরি সম্পাদক | মো: আবদুল ওয়াহেদ তমাল |
| সহকারী কারিগরি সম্পাদক | নুসরাত আক্তার |
| সম্পাদনা সহযোগী | সালেহ উদ্দিন মাহমুদ |
| বিশেষ প্রতিনিধি | ইমদাদুল হক |

বিদেশ প্রতিনিধি

| | |
|---|---|
| জামাল উদ্দীন মাহমুদ | আমেরিকা |
| ড. খান মনজুর-এ-খোদা | কানাডা |
| ড. এস মাহমুদ | ব্রিটেন |
| নির্মল চন্দ্র চৌধুরী | অস্ট্রেলিয়া |
| মাহবুব রহমান | জাপান |
| এস. ব্যানার্জী | ভারত |
| আ. ফ. মো: সামসুজ্জোহা | সিঙ্গাপুর |
| নাসির উদ্দিন পারভেজ | মধ্যপ্রাচ্য |

| | |
|---|---|
| প্রচ্ছদ | মোহাম্মদ আফজাল হোসেন |
| ওয়েব মাস্টার | মোহাম্মদ এহতেশাম উদ্দিন |
| জ্যেষ্ঠ সম্পাদনা সহকারী | মনিরুজ্জামান পিন্টু |
| কম্পোজ ও অঙ্গসজ্জা | মো: মাসুদুর রহমান |
| রিপোর্টার | সোহেল রানা |



মুদ্রণে : রাইটস (প্রা.) লি.
৪৪সি/২, আজিমপুর রোড, ঢাকা-১২০৫

| | |
|---|---|
| অর্থ ব্যবস্থাপক | সাজেদ আলী বিশ্বাস |
| বিজ্ঞাপন ব্যবস্থাপক | শিমুল শিকদার |
| জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক | প্রকৌ. নাজনীন নাহার মাহমুদ |

প্রকাশক : নাজমা কাদের
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৯১৮৩১৮৪, ৯৬১৩০১৬, ০১৭১১৫৪৪২১৭, ০১৯১১৫৯৮৬১৮
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com
যোগাযোগ :
কমপিউটার জগৎ
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৯১৮৩১৮৪



| | |
|---|---|
| Editor | Golap Monir |
| Associate Editor | Main Uddin Mahmood |
| Assistant Editor | Mohammad Abdul Haque |
| Technical Editor | Md. Abdul Wahed Tomal |
| Correspondent | Md. Abdul Hafiz |



Published from :
Computer Jagat
Room No.11
BCS Computer City, Rokeya Sarani
Agargaon, Dhaka-1207
Tel : 9183184

Published by : Nazma Kader
Tel : 9664723, 9613016
E-mail : jagat@comjagat.com


# সম্পাদকীয়

## নতুন বছরে টেলিযোগাযোগ শিল্পে আশাবাদ

নতুন বছরটিতে টেলিযোগাযোগ শিল্পে সেই সূত্রে আইসিটি খাতে লক্ষণীয় পরিবর্তন আসবে বলে আশাবাদের ক্ষেত্র সৃষ্টি হয়েছে। এ আশাবাদ যথাযথভাবে বাস্তবতা পেলে আশা করা যায় দেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে আরও গতিশীলতা আসবে। বিশেষ করে আমরা এ ব্যাপারে খুবই আশাবাদী আগের যেকোনো সময়ের তুলনায়। কারণ, ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, 'এ বছর হবে টেলিকম সেবা সহজলভ্য করার এবং গ্রাহক সন্তুষ্টি অর্জনের বছর।'

খবরে প্রকাশ– ব্যাপক পরিবর্তন হতে যাচ্ছে টেলিযোগাযোগ শিল্প। এ বছরেই মোবাইল ফোন অপারেটর রবি আজিয়াটার সাথে এয়ারটেল বাংলাদেশ একীভূত হতে যাচ্ছে। রাষ্ট্রীয় কোম্পানি টেলিটকের সেবা উন্নত করতে নেয়া হয়েছে নানা উদ্যোগ। সিডিএমএ (কোড ডিভিশন মাল্টিপল অ্যাক্সেস) প্রযুক্তির একমাত্র অপারেটর সিটিসেলের মালিকানা বদলের বিষয়েও চূড়ান্ত কিছু ঘটতে পারে এ বছরেই। সিডিএমএ'র বদলে জিএসএম (গ্লোবাল সিস্টেম ফর মোবাইল কমিউনিকেশন্স) এবং থ্রিজি প্রযুক্তি ব্যবহারের সুযোগ পাবে এই অপারেটরের গ্রাহকেরা। এসবের ফলে মুঠোফোনের মার্কেট শেয়ারে উল্লেখযোগ্য পরিবর্তন ঘটতে পারে।

এ বছরেই ফোরজি তরঙ্গ নিলাম ও সারাদেশে থ্রিজি নেটওয়ার্কে নেয়ার পরিকল্পনা রয়েছে সরকারের। টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) সামাজিক দায়বদ্ধতা তহবিলে (এসওএফ) জমা প্রায় ৮০০ কোটি টাকা কোন কাজে লাগানো হবে, তা শিগগিরই নির্ধারণ করা হবে। পরিকল্পনা রয়েছে মোবাইল অপারেটরদের প্রায় সাড়ে ২৬ হাজার টাওয়ারের ব্যবস্থাপনার দায়িত্ব দেয়া হবে তৃতীয় পক্ষকে। আগামী ২১ ফেব্রুয়ারি চালু হতে যাচ্ছে বাংলা ডোমেইন (আইডিএন) ডট বাংলা (. বাংলা)। মার্চ-এপ্রিলে নম্বর না বদলে অপারেটর বদলের সুবিধা চালুর পরিকল্পনাও রয়েছে। বাংলাদেশে অ্যাডমিন প্যানেল চালুর বিষয়ে ফেসবুক কর্তৃপক্ষের সাথে সমঝোতা হতে পারে এ বছর। এপ্রিলের মধ্যে আঙ্গুলের ছাপ দিয়ে সিম নিবন্ধন প্রক্রিয়া শেষ হতে পারে। সরকারি সিদ্ধান্তের বাইরেও বৈশ্বিক প্রযুক্তিগত উন্নয়নের সাথে সঙ্গতি রেখে পাল্টে যাচ্ছে অনেক কিছু। ভয়েস কলের পরিমাণ কমছে। বাড়ছে ডাটার পরিমাণ। উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো টুজি হ্যান্ডসেট উৎপাদন বন্ধ করে দিচ্ছে। এসব দিকের প্রতি নজর রেখেই ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম হয়তো বলেছেন– 'এ বছর টেলিকম সেবা সহজলভ্য ও নিরাপদ করতে চান ও এর মাধ্যমে গ্রাহক সন্তুষ্টি অর্জনের ব্যাপারে অগ্রাধিকার দিতে চায় তার সরকার।'

এখানে একটি বিষয় সবিশেষে উল্লেখ করা প্রয়োজন, ইন্টারনেট ব্যবহারে গ্রাহক সন্তুষ্টি অর্জনের ব্যাপারে বিশেষ জোর দেয়া প্রয়োজন। কেননা, মোবাইল ফোনের কল্যাণে শুধু উন্নয়নশীল বিশ্বের নয়, তৃতীয় বিশ্বের তরুণ-তরুণীরা বেশি থেকে বেশি হারে আজ যুক্ত হচ্ছে ইন্টারনেটের সাথে। বিশ্লেষকেরা বলেছেন, মোবাইল ফোনের মাধ্যমে ইন্টারনেটে প্রবেশ সহজ হওয়ায় এবং এটি কেনাকাটা ও লেনদেনের অন্যতম মাধ্যম হওয়ায় বাংলাদেশের মতো জনবহুল দেশগুলোতে এর ব্যবহার বাড়ছে। ইন্টারনেট সহজলভ্য হলে এই ব্যবহারের গতি আরও বাড়বে। উল্লেখ্য, আগামী পাঁচ বছরের মধ্যে ইন্টারনেটের ব্যবহার বাড়বে ২৫ শতাংশ।

টেলিযোগাযোগ বিষয়ক আন্তর্জাতিক গবেষণা সংস্থা 'লার্ন এশিয়া'র সিনিয়র ফেলো আবু সাঈদ খান বলেছেন, 'পরিবর্তনের সাথে সঙ্গতি রেখে সুষ্ঠু নিয়ন্ত্রণ ব্যবস্থা গড়ে তোলা জরুরি। দুর্বল নিয়ন্ত্রণ ব্যবস্থার কারণে অপারেটরদের কাছ থেকে এখনও উন্নত সেবা নিশ্চিত করা যাচ্ছে না। আবার অনেক প্রত্যাশিত সেবা চালু করা যায়নি।'

ওদিকে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় গত বছরের ফেব্রুয়ারিতে এক অনুষ্ঠানে বলেছিলেন, 'সরকারের পরিকল্পনা রয়েছে ২০১৬ সালে ফোরজি ও এলটিইর জন্য তরঙ্গ নিলামের ব্যবস্থা করা এবং সরকারের চলতি মেয়াদে তা চালু করা।'

এ প্রসঙ্গে তারানা হালিম বলেছেন, আমাদের সিদ্ধান্ত এ বছরই ফোরজি চালু করা। এর আগে সারাদেশে ২.৫জি ও থ্রিজি নেটওয়ার্ক চালু করা হবে। গ্রাহক পর্যায়ে ইন্টারনেট সংযোগ খরচও কমিয়ে আনা হবে। তার আশাবাদ, আগামী মার্চ-এপ্রিলে মোবাইল নম্বর পোর্টেবিলিটি চালু করা হবে।

সবকিছু মিলিয়ে আমরা আশাবাদী– ২০১৬ সালটি হবে দেশের টেলিযোগাযোগ ব্যবস্থা ও আইসিটি খাতকে নতুন উচ্চতায় নিয়ে পৌঁছানোর বছর। সেই সূত্র আমাদের দেশে যে আইসিটি খাতে আসবে নতুন গতিশীলতা।


লেখক সম্পাদক
• প্রকৌশলী তাজুল ইসলাম • সৈয়দ হাসান মাহমুদ • সৈয়দ হোসেন মাহমুদ • মো: আবদুল ওয়াজেদ